

## কনটেন্ট তৈরির নিয়ম

বাতায়নের শ্রদ্ধেয় প্যাডাগজি স্যার ও রেটার মহোদয় আমি নিম্নের নিয়ম অনুসরণ করে কনটেন্ট তৈরি করি। আমার কনটেন্ট দেখার জন্য বিনীত অনুরোধ রইল। যদি মানসম্মত কনটেন্ট তৈরির জন্য আরো কিছু যোগ করতে হয় তাহলে পরামর্শ দিবেন প্লিজ। আর যদি কনটেন্ট মানসম্মত হয়ে থাকে তাহলে আমাকে একবার সেরা হওয়ার সুযোগ দিবেন। আমার বাতায়ন আইডি **lailyakterpt** আমার বাতায়ন লিংক <https://teachers.gov.bd/profile/lailyakterpt>

১। প্রথম স্লাইডে শুভেচ্ছা বা স্বাগতম। এখানে ফুল বা পাঠ সংশ্লিষ্ট ছবি দিতে হবে।

২। ২য় স্লাইডে শিক্ষক পরিচিতি থাকবে।

৩। ৩য় স্লাইডে বিষয় পরিচিতি থাকবে।

৪। ৪র্থ স্লাইডে মানসিক পরিবেশ তৈরির জন্য পাঠ সংশ্লিষ্ট ছবি বা ভিডিও দিবে যাতে শিক্ষার্থীদের প্রশ্ন করে পাঠের শিরোনাম বের করা যায়।

৫। ৫ম স্লাইডে পাঠের শিরোনাম লিখে আন্ডার লাইন করতে হবে। যেমনঃ বায়ু দূষণ

৬। ৬ষ্ঠ স্লাইডে শিখনফল লিখতে হবে। ৪ টির বেশি শিখনফল না নেওয়াই উত্তম।

৭। ৭- ৯ নং স্লাইডে ১ম শিখনফল অনুযায়ী ছবি বা ভিডিও দেখিয়ে প্রশ্ন করে শিক্ষার্থীদের চিন্তা করার সুযোগ দিতে হবে।

এখানে স্লাইডের সংখ্যা কম বেশি হতে পারে। এখানে উল্লেখ্য যে যদি আপনি একটি শিখনফল নেন তাহলে ঐ শিখনফল অর্জন করার মত কিছু ছবি বা ভিডিও দেখাতে হবে।

৮। ১০ নং স্লাইডে একক কাজ দিতে হবে যে ছবিগুলো দেখিয়েছেন তার ভিত্তিতে। একক কাজ হিসেবে একটি বা দুইটি কাজ দেওয়া যেতে পারে।

৯। ১১-১৩ নং স্লাইডে ২য় শিখনফল অনুযায়ী ছবি ভিডিও দেখিয়ে শিক্ষার্থীদের প্রশ্ন করে চিন্তা করার সুযোগ দিতে হবে। এখানে স্লাইডের সংখ্যা কম বেশি হতে পারে। এখানে উল্লেখ্য যে যদি আপনি একটি শিখনফল নেন তাহলে ঐ শিখনফল অর্জন করার মত আগে যে ছবিগুলো নিয়েছেন সেগুলো বাদ দিয়ে নতুন আরো কিছু ছবি বা ভিডিও দেখাতে হবে।

১০। ১৪ নং স্লাইডে জোড়ায় কাজ দিতে হবে যে ছবিগুলো দেখিয়েছেন তার ভিত্তিতে। জোড়ায় কাজ হিসেবে একটি বা দুইটি কাজ দেওয়া যেতে পারে।

১১। ১৫ – ১৭ নং স্লাইডে ৩য়, ৪র্থ শিখনফল অর্জন করানোর যায় সে উপযোগী ছবি বা ভিডিও দেখাতে হবে। এখানে স্লাইডের সংখ্যা কম বেশি হতে পারে। এখানে উল্লেখ্য যে যদি আপনি একটি শিখনফল নেন তাহলে ঐ শিখনফল অর্জন করার মত আগে যে ছবিগুলো নিয়েছেন সেগুলো বাদ দিয়ে নতুন আরো কিছু ছবি বা ভিডিও দেখাতে হবে।

১২। ১৮ নং স্লাইডে দলীয় কাজ দিতে হবে। দলীয় কাজ সব দলকে একই কাজ দেওয়া যায়। তবে ভিন্ন ভিন্ন দলে ভিন্ন ভিন্ন কাজ দিলে ভালো হয়।

১৩। ১৯ নং স্লাইডে চূড়ান্ত মূল্যায়নের জন্য কাজ দিতে হবে। কাজ হিসাবে দিতে পারেন ছোট ছোট প্রশ্ন, মিলকরণ, শূন্যস্থান পূরণ ইত্যাদি।

১৪। ২০ নং স্লাইডে বাড়ির কাজ দিবেন পাঠ সংশ্লিষ্ট।

১৫। ২১ নং স্লাইডে ধন্যবাদ জানাবেন ফুল বা পাঠসংশ্লিষ্ট আকর্ষণীয় ছবি দিয়ে। ২১ টির বেশি স্লাইড না নেওয়াই ভালো।

কনটেন্ট এর সবগুলো লেখা হতে হবে কালো রঙের। স্লাইডের শেপগুলো হবে হালকা রঙের। লেখার সাইজ ৩০ -৪০ এর মধ্যে থাকতে হবে। কোনো ট্রাজিশন বা পর্দা ব্যবহার না করাই ভালো। এনিমেশন এর বেলায় প্রত্যেক স্লাইডে শুধু মাত্র **wipe** ব্যবহার করবেন। ইফেক্ট অফশানের বেলায় রাইট বা লেফট দিতে হবে। ১ – ৬ পর্যন্ত স্লাইডে এনিমেশন ব্যবহার না করাই উত্তম। প্রত্যেক স্লাইডের প্রথম এনিমেশনের এনিমেশন পেইন এ গিয়ে **Start with previous** দিতে হবে। এতে করে স্লাইড শোতে গিয়ে কোনো স্লাইড সাদা দেখাবেনা। বাংলা লেখাগুলো নিখুশবান দিয়ে লিখতে হবে এবং ইংরেজি লেখাগুলো টাইমস নিউ রোমান দিয়ে লিখতে হবে।